



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

EIIN : 102596

NU Code: 1501

পটুয়াখালী সরকারি কলেজ ☎: 02478880631

পটুয়াখালী
স্থাপিত : ১৯৫৭ খ্রি.

M: p.govt.college@gmail.com

www.patuakhali.govt.college.edu.bd



নং ১০২

তারিখ : ১৮/০৬/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত):

অনলাইন আবেদন ও কলেজে জমাদান: ১৫/০৬/২০২৬ খ্রি. থেকে ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।

১. অনলাইন আবেদনের নিয়মাবলী:

- আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Priili.Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য হুকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পরীক্ষায় ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীন ভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ - বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলাম শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।
- স্নাতক(পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

২. পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ডিগ্রি পাস (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ;
- ডিগ্রি পাস (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র;
- পেমেন্ট স্লিপ;

৩. ফি পরিশোধ পদ্ধতি ও কলেজে জমাদান:

আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি বাবদ ২৮২০/- (দুই হাজার আটশত বিশ) টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে পরিশোধ করতে হবে। Rocket Biller ID :3330 এবং Student ID এর জায়গায় ৭ ডিজিটের ভর্তি রোল এর সাথে লিখে টাকা পরিশোধ করতে হবে। টাকা পরিশোধের পর একটি এসএমএস আসবে যাহার Txn.Id No আবেদন ফরমের উপরে লিখে নির্ধারিত তারিখের মধ্যে পূরণকৃত ফরমটি কলেজের প্রশাসনিক ভবনের ১১০২ নং কক্ষে জমা দিতে হবে। টাকা জমাদানের ক্ষেত্রে ভুল হলে সে দায় শিক্ষার্থীকেই নিতে হবে।

১৮-০৬-২৬
প্রফেসর মোহাম্মদ জসীম উদ্দিন
আইডি নং ৭২৮৯
অধ্যক্ষ
পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী